

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে বিএনপি অস্ট্রেলিয়ার আয়োজন

এম.মোরশেদ: গত ২৬শে মার্চ ২০১০ শনিবার, সিডনীতে বিএনপির মেরীকভিলস্থ কার্যালয়ে বাংলাদেশ জাতীয়তাবাদীদল, অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে মহান স্বাধীনতা দিবস উদযাপিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্বাধীনতা দিবস উদযাপন কমিটির আহ্বায়ক ও সাবেক সহ সভাপতি



আবুল হাশেম মৃধা জিলু। সভায় প্রধান এবং বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিএনপি অস্ট্রেলিয়ার আহ্বায়ক মো: দেলোয়ার হোসন এবং বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবকদল কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক সম্পাদক ও বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক মোসলেহউদ্দিন আরিফ।

বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার জাতীয় সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠান শুরুর পরপরই বাংলাদেশ স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ শহীদের আত্মার মাগফেরাত কামনা করে এক মিনিট নিরবতা পালন করা হয়। এছাড়া বাংলাদেশে গনতন্ত্র পুনরুদ্ধারের স্বপ্নপুরুষ শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের প্রতি শ্রদ্ধানজলী নিবেদন করেও এক মিনিট নিরবতা পালন করা হয়।

এ সময় বাংলাদেশ থেকে টেলিফোনে বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদীদল বিএনপির অর্থ বিষয়ক সম্পাদক আবদুস সালাম। তিনি শহীদ জিয়াকে স্বাধীনতার ঘোষক হিসেবে অভিহিত করেন। তিনি দেশ থেকে জিয়াউর রহমানের নাম মুছে ফেলার অপচেষ্টার সমালোচনা করে বলেন এভাবে নাম বদল করে জিয়াকে মুছে ফেলা যাবে না।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদীদল বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক ও নিউ সাউথ ওয়েলস মহানগরী বিএনপির সভাপতি ইব্রাহীম খলিল মাসুদ। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক সর্দার মো: খালেদ, স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক মোয়াইমেন খান মিশু, বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল অস্ট্রেলিয়ার সাধারণ সম্পাদক মোস্তাফিজ আল মামুন, নিউ সাউথ ওয়েলস মহানগরী বিএনপির সিনিয়র সহ সভাপতি আশরাফুল হক, সাধারণ সম্পাদক নাজমুল আহসান, অস্ট্রেলিয়া বিএনপি নেতা নিগারটোধুরী, জাসাস সাধারণ সম্পাদক শামছুর রহমান সোহেল, অস্ট্রেলিয়া বিএনপি নেতা হাফিজুর রহমান, জহিরুল ইসলাম, তরুন বিএনপি নেতা আরিফুর রহমান সাবিবর, দেলোয়ার হোসন, ফয়সাল আহমেদ প্রমুখ।

বিএনপি অস্ট্রেলিয়ার আহ্বায়ক মো: দেলোয়ার হোসন বলেন, আদালত রাজনৈতিকভাবে প্রভাবিত হয়ে নানা ধরনের একপক্ষীয় রায় দিচ্ছে। বিএনপি ও দেশবাসী এসব রায় মানবে না। বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবকদল কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক সম্পাদক ও বিএনপি অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক মোসলেহউদ্দিন আরিফ বলেন, বর্তমান সরকার জিয়াউর রহমানের নাম বাংলাদেশ থেকে মুছে ফেলতে চায় কিন্তু বাংলাদেশে জাতীয়তাবাদী কোনো কর্মী-সমর্থক বেঁচে থাকতে তারা তা করতে পারবে না।

অনুষ্ঠানটি পরিচালনা করেন বাংলাদেশ জাতীয়তাবাদীদল, অস্ট্রেলিয়ার যুগ্ম আহ্বায়ক এম এম সারোয়ার বাবু।